

B.A./Part -II/Gen./BNGG-II/2017



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. General Part-II Examinations, 2017

বাংলা-সাধারণ

দ্বিতীয় পত্র

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। অভিসারের সংজ্ঞা নির্দেশ করো। এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে ? পাঠ্য পদ বিশ্লেষণ করে তাঁর শ্রেষ্ঠত্বের কারণ নির্দেশ করো। ২+১+১২

অথবা

- ‘এ সখি হামারি দুখের নাহি ওর’- পদটি কোন্ পর্যায়ের ? পদটির রচয়িতা কে ? পদটির ভাবগভীরতার পরিচয় দাও। ১+১+১৩

- ২। ‘মেঘনাদ বধ’ কাব্যের প্রথম সর্গে বর্ণিত রাবণের রাজসভার বর্ণনা দাও। ১৫

অথবা

- ‘মেঘনাদ বধ’ কাব্যের প্রথম সর্গের নাম কী ? প্রথম সর্গের ঘটনাক্রম অনুসরণে এই নামকরণের তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১৪

- ৩। ‘বাঁশির করুণ ডাক বেয়ে’ ছেঁড়া ছাতা আর রাজহত্ন মিলে এক বৈকুণ্ঠের দিকে চলে যায় কীভাবে, ‘পুনশ্চ’ কাব্যের ‘বাঁশি’ কবিতাটি অবলম্বনে তা বুঝিয়ে দাও। ১৫

অথবা

‘প্রথম পূজা’ কবিতাটিতে অস্পৃশ্যতা ও অমানবিকতার বিরুদ্ধে কবির প্রতিবাদ
কীভাবে অভিব্যক্ত হয়েছে তা বুঝিয়ে দাও। ১৫

৪। “আমার ভারতবর্ষ / পঞ্চাশ কোটি নগ্ন মানুষের”- কোন্ কবির কোন্
কবিতার অংশ? কবিতার বিষয়বস্তু অনুসরণে কবির স্বদেশানুসন্ধানের পরিচয়
দাও। ১+১+১৩

অথবা

‘দেশ দেখাচ্ছ অন্ধকারে’ কবিতাটি কেমন করে এক সচেতন মানুষের
স্বদেশানুরাগের পরিচয়বহু হয়ে উঠেছে তা আলোচনা করো। ১৫

৫। নীচে উদ্ধৃত অংশগুলির রচয়িতার নাম ও প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ
করো। ৫×৪ = ২০

(ক) রূপ লাগি আঁখি বুঝে গুণে মন ভোর।

প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর।।

অথবা

দেই তুলসী তিল

দেহ সমর্পিলাঁ

দয়া জনু

ছোড়বি মোয়।।

(খ) “সভাজন দুঃখী রাজ-দুঃখে।

আঁধার জগৎ মরি, ঘন আবরিলে

দিননাথে।”

অথবা

পাইবে নাথে, জনক-নন্দিনি !

সত্য এ স্বপন তব, কহিনু তোমারে !

(গ) মার খায় দমা দম,
গাল খায় অজস্র,
ছাড়া পেলেই আবার দেয় দৌড়।

অথবা

কিন্তু তুমি যার কথা লিখবে
তাকে জিতিয়ে দিয়ো আমার হয়ে।

(ঘ) সূর্য ওঠে, হলুদ আলো সবুজ ধানে –
কিন্তু দুর্দিন এল, এ কী দুর্দিন এল।

অথবা

যে দিন আমায় সত্যিকারের ভালোবাসবে
সে দিন আমার বুকেও এ-রকম আতরের গন্ধ হবে !

৬। উদাহরণসহ স্বরবৃত্ত (দলবৃত্ত) ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করো। ১২

অথবা

উদাহরণসহ যে-কোনো তিনটি বিষয়ে আলোচনা করোঃ ৪×৩ = ১২
অতিপর্ব, দল, কলা, চরণ, অর্ধযতি

৭। নিম্নলিখিত যে-কোনো দুটি উদ্ধৃতির ছন্দোলিপি নির্ণয় করোঃ ৪×২ = ৮

(ক) মন্দির বাহির কঠিন কপাট
চলইতে শঙ্কিল পঙ্কিল বাট।

(খ) চামেলির গন্ধটুকু জানালার ধারে
ভোরের প্রথম আলো জলের ওপরে।

- (গ) তোমার ছুটির খেয়া বেয়ে শরৎ এল মাঝি
শিউলি কানন সাজায় তোমার শুভ ছুটির সাজি।
- (ঘ) চিমনি ভেঙে গেছে দেখে গিম্নি রেগে খুন
ঝি বলে আমার দোষ নেই ঠাকরণ।
- (ঙ) নগরের নটী চলে অভিসারে যৌবন মদে মত্তা
অঙ্গে আঁচল সুনীল বরণ
রুনুঝুনু রবে বাজে আভরণ
সন্ন্যাসী গায়ে পড়িতে চরণ থামিল বাসব দত্তা।